মেহেরপুরের চকশ্যামনগর ও খোকসায় মা সমাবেশ

সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ, প্রাথমিক বিদ্যালয়ের মানোন্নয়ন এবং বিদ্যালয়ে অনিয়মিত ও ঝরে পড়া রোধকল্পে মেহেরপুর সদর উপজেলার আমদহ ও আমঝুপি ইউনিয়নের খোকসা এবং চকশ্যামনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে পৃথকভাবে মা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

নেপোলিয়ন বলেছিলেন, “আমাকে একজন শিক্ষিত মা দাও, আমি একটি শিক্ষিত জাতি উপহার দেব।” সন্তানের ভবিষ্যৎ গঠনে মায়ের ভূমিকাই প্রধান। নৈতিক চরিত্র গঠন ও আনুষ্ঠানিক শিক্ষায় অভিভাবক হিসেবে মায়ের গুরুত্ব সবচেয়ে বেশি। জন্মের পর অসহায় শিশুকে শত প্রতিকূলতা পেরিয়ে মা-ই কথা বলা ও পথ চলতে শেখান। সন্তানের সুন্দর ভবিষ্যৎ গঠনে মায়ের ভূমিকা অপরিসীম।

প্রাথমিক শিক্ষা হলো শিশুর দীর্ঘ পথচলার প্রথম ধাপ। মায়ের হাত ধরে যখন এক শিশু প্রথম বিদ্যালয়ে প্রবেশ করে, তখন শুরু হয় তার নতুন জগতে পথচলা। এই নতুন যাত্রাকে মসৃণ করতে মায়ের সচেতনতাই সবচেয়ে গুরুত্বপূর্ণ। বিদ্যালয়ে সহপাঠী ও শিক্ষকদের সঙ্গে মিথস্ক্রিয়ার মাধ্যমে শিশুর আচরণ, শেখার ধরন ও প্রকাশভঙ্গি গড়ে ওঠে। একজন শিক্ষকের সঠিক পর্যবেক্ষণ ও মায়ের সহায়তায় শিশুর ভবিষ্যৎ গড়ে ওঠে। তাই মা সমাবেশের গুরুত্ব অনস্বীকার্য। নিয়মিত মা সমাবেশ আয়োজন শিশুর সুন্দর ভবিষ্যৎ বিনির্মাণে অনন্য ভূমিকা পালন করে।

গণসাক্ষরতা অভিযান-এর সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এই অনুষ্ঠানের আয়োজন করে। বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, ওয়াচ গ্রুপ ও পিটিএ কমিটির সদস্য এবং মউক প্রতিনিধিসহ মায়েদের নিয়ে এই মা সমাবেশ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ। অনুষ্ঠানটি পরিচালনা করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা এবং সার্বিক দায়িত্ব পালন করেন প্রোগ্রাম অফিসার আশিক বিল্লাহ।

ভ্যান চালক আতিয়ার রহমান হত্যার প্রতিবাদে গাংনীতে মানববন্ধন

মেহেরপুরের গাংনী উপজেলার করমদি গ্রামের ভ্যান চালক আতিয়ার রহমানের হত্যার ঘটনায় জড়িতদের দ্রুত গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে এলাকাবাসী মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ করেছেন।

সোমবার সকাল ১১টায় গাংনী উপজেলার দেবিপুর বাজারে এই মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা জাহাঙ্গীর আলমের নেতৃত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন ইউনিয়ন কৃষকদলের সভাপতি মোতালেব হোসেন, ইয়ারুল হোসেন, শফিকুল ইসলাম, সাগর হোসেনসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। মানববন্ধনে এলাকার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

সমাবেশে বক্তারা বলেন, নিহত আতিয়ার রহমান একজন ভ্যান চালক ছিলেন এবং এলাকার মানুষের সাথে তার ভালো সম্পর্ক ছিল। তবুও তাকে নৃশংসভাবে হত্যা করা হয়েছে। তারা হত্যাকারীদের দ্রুত সনাক্ত করে গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

উল্লেখ্য, গতকাল রবিবার সকালে ছাতিয়ান-বাদিয়াপাড়া মাঠের মধ্যে থেকে আতিয়ার রহমানের ক্ষতবিক্ষত লাশ উদ্ধার করে পুলিশ। আতিয়ার রহমান গাংনী উপজেলার করমদি গ্রামের রহিদুল ইসলামের ছেলে।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের ৫১ সদস্যের আহ্বায়ক

কমিটির অনুমোদন

বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের মেহেরপুর জেলা শাখার ৫১ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে। দলের সভাপতি এস এম জিলানী ও সাধারণ সম্পাদক রাজিব আহসান গতকাল শনিবার এই কমিটির অনুমোদন দেন।

কমিটিতে আহ্বায়ক হিসেবে মোঃ আজমুল হোসেন মিন্টু ও সদস্য সচিব হিসেবে মোঃ শহিদুল ইসলামকে দায়িত্ব দেওয়া হয়েছে। এছাড়াও সিনিয়র যুগ্ম-আহ্বায়ক হিসেবে মোঃ মাহফুজুর রহমান মাহফুজ, যুগ্ম-আহ্বায়ক হিসেবে মোস্তাফিজুর রহমান সজিব, ইলিয়াস হোসেন, হারুন অর রশিদ বাচ্চু, মোঃ ফিরোজুর রহমান, মোঃ রাকিবুল ইসলাম সজল, মোঃ চঞ্চল, এম এম সালাউদ্দিন ও ইকবাল হাসানকে নিয়োগ দেওয়া হয়েছে।

সদস্য হিসেবে এড. মিজানুর রহমান, এডাম সুমন, এড. এশবার জাহান (তমা), বাশিরুল আজিজ হাসান, বুলবুল আহমেদ, মোঃ কায়কোবাদ, মনিবুল খান, মোঃ টিটোন, মোঃ হারুন, মোঃ মনিরুল ইসলাম, মোঃ লাবলু রহমান, মোঃ বাদশা মিয়া, মোঃ ফুর্তি হাসান, মোঃ আাক্তাররুজ্জামান কালু, মোঃ টিপু সুলতান টিপু, মোঃ আলীমুজ্জামান নুটু, মোঃ কাফিরুল ইসলাম, মোঃ আব্দুল লতিফ, মোঃ স্বপন আলী, মোঃ জাহাঙ্গীর আলম, মোঃ আক্তারুজ্জামান, মোঃ সুজন আলী, মোঃ শাহ আলম ও আব্দুল আলিমকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

দেবাশীষ বাগচির মামলায় মৃদুলের ১ বছর জেল, ৩ কোটি ৬০ লাখ টাকা জরিমানা

মেহেরপুর অর্থঋণ আদালতে দেবাশীষ বাগচির দায়ের করা মামলায় সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের ছোট ভাই সরফরাজ হোসেন মৃদুলের ১ বছর জেল, ৩কোটি ৬০ লাখ টাকা জরিমানা করেছেন আদালত।

রবিবার মেহেরপুরে যুগ্ম দায়রা জজ ২য় আদালতের বিচারক এইচ এম কবির হোসেন এ আদেশ দেন। সরফরাজ হোসেন মৃদুল মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক। বাদী দেবাশীষ বাগচি মৃদুলের ব্যবসায়ী সহযোগী ছিলেন।

আদেশে বলা হয়েছে, ৩ কোটি ৬০ লাখ টাকা জরিমানার ১ কোটি ৮০ লাখ টাকা বাদীকে এবং ১ কোটি ৮০ লাখ টাকা সরকারি কোষাগারে জমা দিতে হবে। একই সঙ্গে এ মামলায় তিনি যে কয়দিন হাজত খেটেছেন সে কয়দিন সাজার এক বছর থেকে কর্তন হবে।

আদেশ ঘোষণার সময় সরফরাজ হোসেন মৃদুলে মেহেরপুর কারাগার থেকে আদালতে হাজির করা হয়। আদেশ ঘোষনার পর পুনরায় জেলা কারাগারে পাঠানো হয়।

মামলায় বাদি পক্ষে খ ম হারুন ইমতিয়াজ বিন জুয়েল এবং আসামি পক্ষে খন্দকার আব্দুল মতিন আইনজীবীর দায়িত্ব পালন করেন।

২০২৩ সালে সরফরাজ হোসেন মৃদুলের ব্যবসায়ীক পার্টনার দেবাশীষ বাগচি আদালতে এক কোটি ৮০ লাখ টাকার চেক ডিজঅনারের একটি মামলা করেন। যার মামলা নম্বর-৯০৭/২৩ (মেহেরপুর)।

মামলার এজহারে বাদী অভিযোগ করেন, পারিবারিক সূত্রে বহু বছর যাবৎ ঠিকাদারি ব্যবসা করে আসছি। সে ধারাবাহিকতায় ২০১৫ সালে শহীদ সরফরাজ হোসেন মৃদুলের সঙ্গে যৌথভাবে ঠিকাদারি ব্যবসা শুরু করি। ২০১৫ থেকে ২০২০ সাল পর্যন্ত গণপূর্ত, জনস্বাস্থ্য, শিক্ষা প্রকৌশলী, এলজিইডিসহ বিভিন্ন প্রতিষ্ঠানের প্রায় ৩০ থেকে ৩৫টা নির্মাণকাজ সম্পূর্ণ করেছি। যার আনুমানিক মূল্য প্রায় ২৫ থেকে ২৭ কোটি টাকা। ২০২১ সালের প্রথম দিকে যৌথ ঠিকাদারি ব্যবসা পরিসমাপ্তি ঘটালে তার সঙ্গে আমার মূলধন ও লভ্যাংশসহ আনুমানিক দুই কোটি ৫০ লাখ টাকার বেশি পাওনা হয়। প্রাপ্য টাকা না পেয়ে আমি, আমার ও তার পরিবারের লোকজনসহ জেলা যুবলীগের অন্যান্য নেতৃবৃন্দকে অবহিত করি। এক সময় সবার হস্তক্ষেপে ২০২৩ সালের জানুয়ারিতে আমার সঙ্গে হিসাব করতে রাজি হয়। আমি হিসাবে বসতে বললে বিভিন্ন অজুহাতে সময় ক্ষেপণ করে একপর্যায়ে আইনগত ব্যবস্থা নেওয়ার কথা বললে তখন সে মৌখিকভাবে এক কোটি ৮০ লাখ টাকা দেবার প্রতিশ্রুতি দিয়ে মীমাংসা করে এবং আমাকে ২০২৩ সালের বছরের জুলাই মাসের ১৬ তারিখে ঢাকায় যেতে বলে। ঢাকার আদাবরে তার বাসার সামনে গেলে রিংরোড সাহাবুদ্দিন প্লাজার ওসিস কফিশপে বসে আমাকে ২৪

জুলাই তারিখ দিয়ে রূপালি ব্যাংক মেহেরপুর শাখার এক কোটি ৮০ লাখ টাকার একটি চেক প্রদান করেন বাদী।

আমি চেকে দেওয়া তারিখ অনুযায়ী ২৪ জুলাই টাকা উত্তোলনের জন্য অগ্রণী ব্যাংকে চেক জমা করি। এক সপ্তাহ পর ব্যাংক থেকে চেক ডিজঅনার দেখিয়ে সার্টিফিকেট প্রদান করে। যেখানে লেখা আছে, গত ৪ এপ্রিল ২০২১ তারিখে অ্যাকাউন্ট বন্ধ করা হয়েছে। ১ আগস্ট ২০২৩ তারিখে ব্যাংক চেক ডিজাঅনার সার্টিফিকেট দেয়। আমি বিষয়টি আসামীকে জানালে সে আমাকে আজকাল করে ঘুরিয়ে নিয়ে বেড়াতে থাকে। অতঃপর আমি বিজ্ঞ এ্যাডভোকেট সাহেবের মাধ্যমে গত ৩০ আগস্ট আসামী বরাবর এন আই এক্ট ১৮৮১ এর বিধান মতে ডাকযোগে নোটিশ প্রদান করিয়া চেকে উল্লেখিত এক কোটি আশি লক্ষ টাকা পরিশোধ করিয় চেকটি ফেরত অথবা বাতিল করার অনুরোধ করি।

চেক ডিজঅনারের মামলায় করায় মন্ত্রীর ক্ষমতায় মৃদুল উল্টো দেবাশীষ বাগচীর বিরুদ্ধে চেক চুরির মামলা করে। পরে ওই মামলায় পুলিশ চেক উদ্ধারের জন্য দেবাশীষের বাড়িতে তল্লাশি চালিয়ে হয়রানি করে।

ওই ঘটনার পরে গতবছরের ৫ সেপ্টেম্বর সকাল সাড়ে ১১টায় মেহেরপুরের সোডাপ মিলনায়তনে জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহীদ সরফরাজ হোসেন মৃদুলের বিরুদ্ধে করা সংবাদ সম্মেলনে পাওনা টাকা ও ন্যায়বিচার না পেলে পরিবারসহ আত্মহত্যার হুমকি দিয়েছিলেন মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক কমিটির সদস্য দেবাশীষ কুমার বাগচি মনু।

এদিকে, মামলার আদেশ ঘোষণার পর দেবাশীষ বাগচি মানু তার ফেসবুকে ‘আমিই মানু’ লিখে হাসিমাখা ছবি পোস্ট করেন।

মেহেরপুরের গাংনীতে ভ্যানচালকে কুপিয়ে হত্যার অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার ছাতিয়ান- বাদিয়াপাড়া মাঠের মধ্যে আতিউর রহমান (৩৫) নামের এক ভ্যান চালকের মরদেহ উদ্ধার করেছে

পুলিশ।
নিহত আতিউর গাংনী উপজেলার করমদি গ্রামের মাঠপাড়া এলাকার রহিদুল ইসলামের ছেলে। আগের দিন বিকালে ভ্যান নিয়ে বের হয়ে আর বাড়ি ফিরেননি তিনি।
আজ রোববার বেলা ১১ টার দিকে তার মরদেহ উদ্ধার করে পুলিশ।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল জানান, স্থানীয়দের দেয়া সংবাদের ভিত্তিতে মাঠের একটা কলাবাগানের মধ্যে থেকে তার মরদেহ উদ্ধার করা হয়েছে। তার মাথায় আঘাতের চিহৃ রয়েছে। নিহতের স্ত্রী জুলেখা জানান, গতকাল বিকালে ভ্যান নিয়ে বাড়ি থেকে বের হয়ে আর ফিরে আসেনি। অনেক খোঁজাখুঁজি করেও পাওয়া যায়নি। আজ সকালে ফেসবুকে ছবি দেখে তার লাশ সনাক্ত করি।
নিহতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল মর্গে নেয়া হয়েছে।
এদিকে এ হত্যাকাণ্ড নিয়ে পুলিশ ধারণা করছে তার ব্যবহৃত ভ্যান ছিনতাইয়ের উদ্দেশ্যে হত্যা করা হয়ে থাকতে পরে। তবে পরিবারের অভিযোগ প্রতিবেশীদের সাথে জমি নিয়ে বিরোধের জেরে এ হত্যাকাণেণ্ডের ঘটনা ঘটতে পারে।

মেহেরপুর জেলা আদর্শ শিক্ষক ফেডারেশনের সম্মেলন

বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন মেহেরপুর জেলা শাখার শিক্ষক সম্মেলনের আয়োজন করা হয়েছে।

শনিবার (২২ ফেব্রুয়ারি) সকালে পৌর কমিউনিটি সেন্টারে এই শিক্ষক সম্মেলন অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন মেহেরপুর জেলা শাখার সভাপতি অধ্যক্ষ আল-আমিন বকুলের সভাপতিত্বে শিক্ষক সম্মেলনে প্রধান অতিথি উপস্থিত ছিলেন বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশনের জেনারেল সেক্রেটারী
ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক সিনেট সদস্য অধ্যাপক এ বি এম ফজলুল

করিম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আদর্শ শিক্ষকের ফেডারেশনের সহকারী জেনারেল সেক্রেটারী অধ্যাপক রবিউল ইসলাম, বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন যশোর ও কুষ্টিয়া অঞ্চলের সভাপতি ডঃ আলমগীর বিশ্বাস, বাংলাদেশ শিক্ষক ফেডারেশন মেহেরপুর জেলা শাখার উপদেষ্টা তাজ উদ্দীন খান ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক পরিষদ মেহেরপুর জেলা সভাপতি মাহবুব উল আলম।

ছাহিউদ্দীন ডিগ্রী কলেজে সহকারী অধ্যাপক ডঃ আলিবদী এর সঞ্চালনায় এসময় বক্তব্য রাখেন বাংলাদেশ মাধ্যমিক শিক্ষক পরিষদ মেহেরপুর সদরের সেক্রেটারী আইয়ুব আলী, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক পরিষদ মেহেরপুর সদরের সেক্রেটারী মোহাম্মদ আলী লাল্টু, বাংলাদেশ প্রাথমিক শিক্ষা পরিষদ মুজিবনগর থানার সভাপতি হারুন আর রশিদ, বাংলাদেশ মাধ্যমিক শিক্ষা পরিষদ গাংনী থানার সভাপতি মোমিনুজ্জামান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক পরিষদ মেহেরপুর সদর থানার সভাপতি মাওলানা আসাদুজ্জামান, বাংলাদেশ কলেজ শিক্ষক পরিষদ গাংনী থানার সভাপতি মোঃ ইসহাক আলী, বাংলাদেশ কারিগরী শিক্ষক পরিষদ মেহেরপুর জেলা সভাপতি আরিফুল ইসলাম, বাংলাদেশ কিন্ডার গার্ডেন শিক্ষক পরিষদ মেহেরপুর জেলার সভাপতি মনজুরুল হাসান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক পরিষদ মেহেরপুর জেলার সেক্রেটারী সুলাইমান হোসেন, বাংলাদেশ প্রাথমিক শিক্ষা পরিষদ মেহেরপুর জেলার সভাপতি রবিউল ইসলাম, বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন মুজিবনগর থানার সভাপতি মোশারেফ হোসেন, বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন গাংনী থানার সভাপতি আবুল হাশেম প্রমুখ।

কল্যাণ ট্রাস্টের টাকা প্রকৃত ভাবে সাংবাদিকদের বরাদ্দ দেওয়া হবে-মনির হায়দার

প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী সাংবাদিক মনির হায়দার বলেছেন, কল্যাণ ট্রাস্টের টাকা যেনো নিরপেক্ষভাবে প্রকৃতভাবে

সাংবাদিকদের বরাদ্দ দেওয়া হয়, আগামীতে সে ব্যাপারে সংশ্লিষ্টদের সাথে আলোচনা করা হবে।

গতকাল শুক্রবার (২১ ফেব্রুয়ারী) সন্ধ্যায় মেহেরপুর প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে এসব কথা বলেন তিনি।

মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টুর সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন মিডিয়া ব্যক্তিত্ব ফরাবি হাফিজ।

মেহেরপুর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাজেদুল হক মানিকের সঞ্চালনায় এসময় বক্তব্য রাখেন সিনিয়র সাংবাদিক তুহিন আরণ্য, আবু লায়েছ লাভলু, সাবেক সভাপতি ফারুক হোসেন, রফিক উল আলম প্রমুখ।

মফস্বলের সাংবাদিকতার নানা সমস্যা তুলে ধরে সাংবাদিক মনির হায়দার আরও বলেন, ফুলটাইম সাংবাদিকতা করে ঢাকাতেই চলা যায়না, সেখানে মফস্বলের সাংবাদিকতা একটি চ্যালেঞ্জিং ব্যাপার। সাংবাদিকতা এক ধরনের নেশা হয়ে ওঠায় নিজের ক্ষতি করে হলেও এই চ্যালেঞ্জিং পেশাটাকে ধরে রাখেন মফস্বলের সাংবাদিকরা।

তিনি বলেন রাস্ট্র তো এখনো কল্যাণ রাস্ট্র হয়ে ওঠেনি। বিগত দিনে সাংবাদিকদের কল্যাণের নামে রাস্ট্রের টাকা পয়সা দেওয়া হতো। সেই টাকা কাদের কিভাবে দেওয়া হতো আমরা সকলেই তা জানি। আগামীতে সেই ত্রুটিগুলোর সমাধানকল্পে যেনো ব্যবস্থা নেয়া হয় সেব্যাপারে কাজ করবো।

বিগত দিনে মেহেরপুরের সাংবাদিকতার বিভিন্ন চ্যালেঞ্জ তুলে ধরে তিনি বলেন, নানা ধরনের প্রতিকুলতার মাঝেও এই জেলার সাংবাদিকরা সত্যটাকে তুলে এনেছেন। এখন জেলাতে নবীণ সাংবাদিকদের জয়জয়কার উল্লেখ করে বলেন, এই জেলার নবীন এবং প্রবীণ সাংবাদিকরা আগামীতে জেলাকে নতুনভাবে তুলে আনবেন।

তিনি বলেন, প্রকৃত সাংবাদিকতা করলে সমাজের সকলের কাছেই একজন সাংবাদিক অপ্রিয় হয়ে উঠবেন।
সাংবাদিকতা করলে সমাজের মানুষের কাছ থেকে সহায়তা পাওয়ার প্রত্যাশা করা যাবেনা। সাংবাদিকতা না করলে আপনি যেটুকু সহায়তা পেতেন, জেনুইন সাংবাদিকতা করলে সেটা বন্ধ হয়ে যাবে।

এর আগে, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারি মনির হায়দার দুই দিনের

সফরে শুক্রবার (২১ ফেব্রুয়ারি) বিকালে মেহেরপুর সার্কিট হাউজে পৌঁছালে জেলা প্রশাসক সিফাত মেহনাজ ও পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম তাকে ফুলেল শুভেচ্ছা জানান।

পরে সার্কিট হাউজে জেলা প্রশাসক ও পুলিশ সুপারের সাথে মনির তিনি মতবিনিময় করেন। এ সময় অন্যান্যদের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল করিম, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলামসহ জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

গাংনীতে আগ্নেয়াস্ত্রসহ র্যাবের জালে ৩ যুবক

প্রতিপক্ষকে আগ্নেয়াস্ত্র দিয়ে ফাঁসাতে গিয়ে গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের ৩ জন অস্ত্রসহ র্যাবের হাতে আটক হয়েছে।

গতকাল বুধবার দিবাগত মধ্য রাতে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি ৩ গাংনী ক্যাম্পের এক বিশেষ অভিযানে তাদেরকে আটক করা হয়।

তাদের কাছ থেকে উদ্ধার করা হয়েছে একটি ওয়ান শুটারগান এবং দুইটি বাটন মোবাইল ফোন।

আটককৃতরা হলেন গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের তরিকুল ইসলাম, জেনারুল ইসলাম ও সামিম আজাদ ওরফে বাবুল।

র্যাব-১২ গাংনী ক্যাম্প কমান্ডার সহকারি পুলিশ সুপার এনামুল হক জানান, ছাতিয়ান গ্রামের ওমর আলীর ছেলে রতন আলী নামের এক ব্যক্তিকে ফাঁসাতে তার বসতবাড়ির ভিতরে মাটির নিচে অস্ত্র পুতে রেখে র্যাবকে খবর দেন আটক তিন জন। রতনকে ফাঁসাতে অস্ত্র রাখা হয়েছে বলে নিশ্চিত হয় র্যাব। রাতে অভিযান চালিয়ে ওই দিনজনকে আটক করার পর তাদের স্বীকারোক্তি মোতাবেক রতনের বসতবাড়িতে পুতে রাখা একটি ওয়ান শুটারগান উদ্ধার করা হয়। এদের আটকের পর জিজ্ঞাসাবাদ

করলে রতনকে ফাঁসাতে অস্ত্র রাখার বিষয়টি স্বীকার করে তারা।

আটক তরিকুল, জেনারুল ও বাবলুর বিরুদ্ধে গাংনী থানায় অস্ত্র আইনে মামলাসহ সোপর্দ করা হয়ে হয়েছে বলে জানায় র্যাব কমান্ডার।

মেহেরপুরে আওয়ামী লীগের তিন নেতা গ্রেফতার

অপারেশন ডেভিল হান্টে মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মান্নান (৬০), গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রউফ স্বপন মাস্টারসহ তিন আওয়ামী লীগের নেতাকে গ্রেফতার করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরের দিকে আব্দুর রউফ স্বপন মাস্টারকে ও আব্দুল মান্নানকে তাদের নিজ বাড়ি থেকে গ্রেফতার করে পুলিশের পৃথক টিম।

গ্রেফতারকৃত আব্দুল মান্নান মুজিবনগর উপজেলার গোপালনগর গ্রামের এলাহী বকসের ছেলে ও কাজিপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুর রউফ স্বপন কাজিপুর গ্রামের হালশানা পাড়ার গিয়াস উদ্দীন মেম্বরের ছেলে ও আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক। অপর আটককৃত হলেন, গাংনী পৌর আওয়ামী লীগের ২ নং ওয়ার্ড শিশিরপাড়া গ্রাম আওয়ামী লীগের সাবেক সভাপতি।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল ও মুজিনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন।

ওসি বানী ইসরাইল ও মিজানুর রহমান জানান, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে সন্ত্রাস দমণ আইনে পৃথক মামলা রয়েছে। বৃহস্পতিবার বিকালের দিকে তাদের আদালতে নেওয়া হবে।

ঋণ খেলাপির দায়ে সম্পত্তি নিলামে

ঋণগ্রহীতা মেসার্স শুকুর আলী মেহেরপুর রুপালী ব্যাংক কর্পোরেট শাখা থেকে ঋণ নিয়ে সময় মত পরিশোধ করতে না পারায় ব্যাংক কর্তৃপক্ষ বন্ধকি সম্পত্তি নিলামে বিক্রয় করেছে।

গতকাল বুধবার বিকেল চারটার দিকে ব্যাংকের নিজস্ব শাখায় দর দাতাগন সহ বিশিষ্ট গ্রাহকগণ উপস্থিত ছিলেন। নিলাম কমিটির প্রধান জোনাল ম্যানেজার সেলিম উদ্দিন এর ব্যবস্থাপনায় টেন্ডার বাক্স খোলা হয় এবং নিলামকৃত সম্পত্তি সর্বোচ্চ দরদাতার নামে গৃহীত হয়। এ সময় কমিটির অন্য সদস্যগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুর রূপালী ব্যাংক কর্পোরেট শাখার উপ-মহাব্যবস্থাপক হামিদুল ইসলাম জানান, শুকুর আলী ব্যাংক হতে ঋণ নিয়ে পরিশোধ করতে ব্যর্থ হয়। এজন্য ব্যাংক কর্তৃপক্ষ শুকুর আলীর নামে আদালতে মামলা করে। মামলার রায়ে আদালত ব্যাংকের নামে বন্ধকী সম্পত্তি লিখে দেয়। এজন্য ব্যাংক কর্তৃপক্ষ ওপেন টেন্ডারের মাধ্যমে জমি বিক্রয় করে দেয়।

তিনি আরো জানান কোন ব্যক্তি যদি ঋণ নিয়ে পরবর্তীতে খেলাপির আওতায় পড়েন তাদেরকেও একই আইনে কর্তৃপক্ষ ব্যবস্থা নিবেন।